



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৪.২০-৪২

তারিখঃ ১৩ মাঘ ১৪২৭ ব.
২৭ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ মন্ত্রী মহোদয়ের নির্দেশনা / অভিপ্রায়ের আলোকে চলমান মামলা সংক্রান্ত বিষয়ে সভা আহ্বান করার নিমিত্ত কার্যপত্র তৈরীর জন্য ছক অনুযায়ী (আগস্ট/২০ হতে ৩১ ডিসেম্বর/২০ অথবা পূর্বে প্রেরণের পর হতে ডিসেম্বর/২০ পর্যন্ত) মামলার হালনাগাদ তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের বিপক্ষে দায়েরকৃত বিভিন্ন মামলার নথি পর্যালোচনান্তে মাননীয় মন্ত্রী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট সকল মামলার হালনাগাদ তথ্যসহ সরকার পক্ষের আইনজীবী এবং মন্ত্রণালয় ও বিভাগের সংশ্লিষ্ট আইন কর্মকর্তাদের সাথে আলোচনার জন্য অভিপ্রায় ব্যক্ত করেছেন।

২। মন্ত্রী মহোদয়ের উপরিউক্ত নির্দেশনা/অভিপ্রায়ের আলোকে চলমান মামলা সংক্রান্ত বিষয়ে সভা আহ্বান করার নিমিত্ত কার্যপত্র তৈরীর জন্য সকল দপ্তর/সংস্থার নিকট হতে নিম্নোক্ত ছকে (আগস্ট/২০ হতে ৩১ ডিসেম্বর/২০ অথবা পূর্বে প্রেরণের পর হতে ৩১ ডিসেম্বর/২০ পর্যন্ত) মামলার তথ্য পাওয়া আবশ্যিক (মামলার তথ্য ছক অনুযায়ী Landscape -এ প্রেরণ করতে হবে)।

দপ্তর/সংস্থার নাম:

ক্র. নং	মামলার ধরণ (রিট/আপিল/ কনট্রাস্ট/ এটি/এএটি/বাস্তু: ক্রমানুসারে)	মামলার নং	বাদী/পিটিশনার এর নাম ও ঠিকানা	মামলা উৎপত্তির কারণ	প্রতিপক্ষ/ Respondent (মূল প্রতিপক্ষ)	মামলায় (সরকার পক্ষে) জবাব দাখিলের তথ্য		মামলার সর্বশেষ অবস্থা (পরবর্তী ধার্য তারিখ উল্লেখক্রমে)	মন্তব্য/মামলার বিষয়ে বিশেষ কোন তথ্য থাকলে
						জবাব দাখিল হয়েছে কিনা (হ্যাঁ/না)	হয়ে থাকলে এর স্মারক নং ও তারিখ		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৩। এমতাবস্থায়, উল্লিখিত ছকমতে তাঁর দপ্তর/সংস্থায় (টিএমইডি সংশ্লিষ্ট) সরকারের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত চলমান মামলাগুলোর তথ্য হার্ড কপি আগামি ২৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং Nikosh ফ্রন্টে প্রস্তুতকরত: সফট কপি akram.jtsc@gmail.com এবং abdulkhaleque62@yahoo.com-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।
বিষয়টি অতি জরুরি।

(মো: আ: খালেক মিঞা) ২৭/১/২০২১
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
- ৫। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ একাডেমি (নেকটার), বগুড়া।
- ৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ একাডেমী (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।